দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUL 1998
পৃষ্ঠা ২ কলাম ৬

# মাদ্রাসা-মসজিদ দখলের রাজনীতির প্রতিবাদে ছাত্র ফোরামের সমাবেশ

**স্টাফ রিপোর্টার ঃ** সারাদেশে মসজিদ-মাদ্রাসা, স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয় দখলের রাজনীতির প্রতিবাদে আদর্শ ছাত্র ফোরাম ঢাকা মহানগর শাখার উদ্যোগে গতকাল শুক্রবার বাদ জুমা পুরানা পল্টন মসজিদ চত্বরে সমাবেশ শেষে মিছিল করেছে।

সমাবেশে খতমে নবুওয়াত সংরক্ষণ কমিটির সদস্য সচিব আলহাজ শামসুল হক বলেছেন, সুলতানী আমলের লক্ষ্মীবাজার শাহী মসজিদটি গভীর ষড়যন্ত্রের কারণে ধ্বংসের দ্বারপ্রান্তে। আদালতে বিচারাধীন মামলার নিষ্পত্তি হওয়ার পূর্বেই ষড়যন্ত্রকারীরা সম্পত্তি দখলের চক্রান্ত করে মসজিদের হুজরাখানার ছাদ ও দেয়াল ভেঙ্গে ফেলেছে। পুলিশের উপস্থিতিতে বিভিন্ন স্কুল-কলেজ ও মাদ্রাসার প্রধানদের সরিয়ে একের পর এক দখল প্রক্রিয়া চালানো হচ্ছে। ইতোমধ্যেই সারাদেশে শতাধিক স্কুল-কলেজ, মাদ্রাসা ও মসজিদ দখল করে নেয়া হয়েছে। এ অবস্থা আর চলতে দেয়া যায় না।

কেন্দ্রীয় সভাপতি শহিদুল্লাহ আরিফ বলেন, একটি নির্বাচিত সরকার ক্ষমতায় থাকা অবস্থায় মাদ্রাসা, মসজিদ, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে দখলের রাজনীতি চলছে। এর অবসান করা সরকারের দায়িত্ব। অন্যথায় এর জবাব সরকারকেই দিতে হবে।

নগর সেক্রেটারী রফিকুল ইসলাম সেলিমের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় সহসভাপতি আব্দুল আজিজ, কেন্দ্রীয় সেক্রেটারী ফিরোজ মোল্লা আশ্রাফী, ছাত্র নেতা রিয়াজ মাহমুদ, আক্তারুজ্জামান, হাছানুজ্জামান ভুঁইয়া, মোজাম্মেল হক, ফজলুল করিম, আবুল কালাম আযাদ ও আবু নাইম প্রমুখ।

সমাবেশ শেষে একটি মিছিল পুরানা পল্টন মসজিদ চত্বর থেকে শুরু হয়ে পল্টন মোড় এবং তোপখানা হয়ে প্রেস ক্লাব চত্বর ঘুরে পুরানা পল্টনে এসে শেষ হয়।